



বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন  
টিসিবি ভবন (৪র্থ তলা), ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।  
ফ্যাক্স +৮৮-০২-৫৫০১৩৫১৮, ওয়েব সাইট ; www.berc.org.bd.

স্মারক নং-২৮.০১.০০০০.০১১.১৬.০৭০.১৮-১৯৬৬


তারিখ: ২১/০৩/২০১৯

### কোটেশন বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) এর ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক হিসাব নিরীক্ষা ও ম্যানেজমেন্ট লেটার প্রনয়নের জন্য Bangladesh Chartered Accountants Order 1973 (P.O.No.2 of 1973) এর অধীন নিবন্ধিত চার্টার্ড একাউন্টেন্টস (অংশীদারী ফার্ম) ফার্মসমূহের নিকট হতে সীলমোহরকৃত কোটেশন আহবান করা যাচ্ছে। আগ্রহী চার্টার্ড একাউন্টেন্টস ফার্মকে তাদের কোটেশনের সাথে নিম্নলিখিত কাগজপত্র/তথ্যাবলী সংযুক্ত করতে হবে:

- ১। ICAB হতে ফার্মের হালনাগাদ রেজিস্ট্রেশন সার্টিফিকেট
- ২। হালনাগাদ TIN সার্টিফিকেট।
- ৩। প্রতিষ্ঠানের অংশীদারবৃন্দের নাম।
- ৪। ফার্মের প্রধান কার্যালয়ের ঠিকানা।
- ৫। অনুরূপ প্রতিষ্ঠান নিরীক্ষাকরণের অভিজ্ঞতার (যদি থাকে) বিবরণ।
- ৬। কোটেশনে নিরীক্ষা ফি'র পরিমাণ সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে। নিরীক্ষা ফি'র উল্লেখ করা না হলে কোটেশন বাতিল বলে গণ্য হবে (নিরীক্ষা ফি'র উপর সরকার নির্ধারিত ভ্যাট ও আয়কর কোটেশনদাতার প্রদেয় বিল হতে বিধি মোতাবেক কর্তন করা হবে)।
- ৭। প্রয়োজনীয় অন্যান্য তথ্যাদি।

কার্যাদেশ প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে নিরীক্ষার কাজ সমাপ্ত করে চূড়ান্ত নিরীক্ষা প্রতিবেদন ও ম্যানেজমেন্ট লেটার নিরীক্ষা কাজ শেষ হওয়ার ১০(দশ) দিনের মধ্যে চেয়ারম্যান, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন বারবার দাখিল করতে হবে। উল্লিখিত তথ্য সম্বলিত কোটেশন আগামী ১৫/০৪/২০১৯ খ্রি: বেলা ১২.০০ ঘটিকার মধ্যে পরিচালক (অর্থ ও হিসাব) বরাবর দাখিল করতে হবে এবং ঐ দিনই বেলা ১২:০০ ঘটিকায় উপস্থিত কোটেশন দাতা/প্রতিনিধির সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) কোটেশন খোলা হবে। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন কোটেশন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।


  
(মোঃ আবুল কালাম তালুকদার)  
পরিচালক (অর্থ ও হিসাব)  
ফোন : ৯১১১৭৯৫

স্মারক নং-২৮.০১.০০০০.০১১.১৬.০৭০.১৮-১৯৬৬

তারিখ : ২১/০৩/২০১৯

অনুলিপি : সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, টিসিবি, কারওয়ান বাজার, ঢাকা (কমিশনের নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
২. সচিব, বিইআরসি, কারওয়ান বাজার, ঢাকা (নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৩. চেয়ারম্যানের একান্ত সচিব, বিইআরসি, ঢাকা (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. প্রেসিডেন্ট, আইসিএবি, কারওয়ান বাজার, ঢাকা (অডিট ফার্ম নিয়োগে সহযোগিতার জন্য প্রতিষ্ঠানটির নোটিশ বোর্ড এবং ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সহকারী পরিচালক (আইন ও বিধি), বিইআরসি, ঢাকা (কমিশনের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬. সদস্য এর ব্যক্তিগত সহকারী, বিইআরসি, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

  
(মোঃ আবুল কালাম তালুকদার)  
পরিচালক (অর্থ ও হিসাব)  
ফোন : ৯১১১৭৯৫